

যোগ্যতা ও অভিজ্ঞতা

| ক্রম | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|------|--|--|
| ১ | বুক স্টার গ্রেড-১৯, (৮৫০০-২০৫৭০/-) | প্রার্থীকে ন্যূনতম ২য় বিভাগ/সমমানের গ্রেডসহ এসএসসি পাস হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ২ | অফিস সহায়ক গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) | প্রার্থীকে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাসম্পন্ন ২য় বিভাগ/সমমানের গ্রেডসহ এস.এস.সি. পাশ হতে হবে। |
| ৩ | বাড়ুদার/সুইপার গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) | ৮ম শ্রেণি পাশ। জাত সুইপারের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |

প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ:

- আগ্রহী প্রার্থীদের আগামী ০৮-০১-২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.sau.ac.bd হতে কর্মচারী পদের জন্য দরখাস্তের ফরম ডাউনলোড করে পূরণ করতে হবে।
- প্রার্থীদের ০৩(তিন) সেট দরখাস্ত রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর অনুকূলে প্রেরণ/দাখিল করতে হবে। চাহিত আবেদন সেটের মধ্যে এক সেট সত্যায়িত হতে হবে এবং অন্য দুটি সত্যায়িতের অনুরূপ ফটোকপি দিতে হবে।
- প্রার্থীকে আবেদনপত্রের সাথে ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্র, খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র এবং সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ও পেমেন্ট স্লিপ প্রতি সেটের সাথে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে (০৮-০১-২০২৬ তারিখের মধ্যে)। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- সরকারি নিয়ম অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- চারিত্রে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অভিজ্ঞতা বলতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বুঝাবে।
- খামের উপর প্রার্থীত পদের নাম উল্লেখ করতে হবে।
- অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
- রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর অনুকূলে প্রতিটি পদের জন্য আলাদাভাবে প্রার্থীকে ৬০০/- (টাকা ছয়শত মাত্র) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে অর্ডার রূপালী ব্যাংক পিএলসি, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট-৩১০০ দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্র আগামী ০৮-০১-২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সরাসরি/ডাক যোগ্য/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে।
- মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সংশ্লিষ্ট প্রার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের কপি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়নপূর্বক আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ভূয়া তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।
- নিয়োগের ক্ষেত্রে অভ্যন্তরীণ প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
- দরখাস্ত দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের পর পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস/তথ্যাদি সংযোজন করা যাবে না।
- প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- অধিকতর যোগ্য প্রার্থীর ক্ষেত্রে কর্তৃপক্ষ শর্ত/বয়সসীমা শিথিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- শিক্ষাক্ষেত্রের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
- নিয়োগ সংক্রান্ত কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।



(প্রফেসর ড. মোঃ আসাদ-উদ-দৌলা)

রেজিস্ট্রার (অ.দা.)

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।